দৈনিক ইনকিলাব 63

তারিখ 19 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 7

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৩১

19 JUN 1989

# সায়েন্টিফিক ইনস্ট্রুমেন্টেশন বিভাগ সম্পর্কে অভিযোগ

॥ স্টাফ রিপোর্টার ॥

সায়েন্টিফিক ইনস্ট্রুমেন্টেশন অধিদফতর সম্পর্কে বিভিন্ন অভিযোগ পাওয়া গেছে। এসব অভিযোগের মধ্যে অন্যতম হচ্ছে, এ অধিদফতরের জন্য বিভিন্ন ইলেকট্রনিক্স যন্ত্রপাতি ও সাজ-সরঞ্জাম ক্রয় সংক্রান্ত। গতকাল ঢাকায় আয়োজিত

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## অভিযোগ

প্রথম পৃষ্ঠার পর

এক সাংবাদিক সম্মেলনে এস. এম. ইলেকট্রনিক্স-এর প্রেসিডেন্ট জনাব বি, এ, ভূইয়া এ অভিযোগ করেছেন। জনাব ভূইয়া সাংবাদিক সম্মেলনে বলেন, যুক্তরাষ্ট্রের 'হিথকীট কেম্পানী'র তৈরী বেশ কিছু ইলেকট্রনিক্স যন্ত্রাংশ আমদানির জন্য সায়েন্টিফিক ইনস্ট্রুমেন্টেশন অধিদফতর ব্যবস্থা গ্রহণ করে। এ আমদানির ব্যাপারে সরকারের নীতিমালা লংঘন করা হয় এবং পত্রিকায় কোন বিজ্ঞাপন প্রচার বা ঘোষণা না দিয়েই একজন স্থানীয় সরবরাহকারীর সাথে গোপন সংযোগের মাধ্যমে কোটেশন ও ইনভয়েস সংগ্রহ ও এলসি খোলার অনুমতি দেয়া হয়।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, শিক্ষা মন্ত্রণালয় ও দুর্নীতি দমন বিভাগকে অবহিত করা হয়েছে। দুর্নীতি দমন বিভাগ বিষয়টি তদন্ত করে দেখছে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা ডেপুটেশনে ঐ অধিদফতরে কর্মরত রয়েছেন। তারা যদি দুর্নীতির আশ্রয় নেন আমরা যাব কোথায়?